ভোরের কাগজ

তারিখ ...JAN 7. 1999 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৭......

595

# ক্যাম্পাসে যৌন নিপীড়নবিরোধীদের মিছিল, অবস্থান ধর্মঘট

## পরিবেশ পরিষদের সভায় আজ ৬ দফা নিয়ে আলোচনা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত 'যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা' গতকাল বুধবার বিক্ষোভ মিছিল ও উপাচার্যের দপ্তরের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেছে। আজ বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভায় যৌন নিপীড়নবিরোধীদের উত্থাপিত ৬ দফা দাবি নিয়ে আলোচনা হবে।

যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীদের অবস্থান ধর্মঘট চলাকালে পাঁচ জনের একটি প্রতিনিধিদল উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করে। এ সময় উপাচার্যের দপ্তরে উপস্থিত তদন্ত কমিটির প্রধান অধ্যাপক শাহাদাৎ আলী, প্রক্টর অধ্যাপক কে এস নুরুন্নবী, সিনিয়র সহকারী প্রক্টর ফাতেমা বেগম উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী প্রতিনিধিদলকে জানান, তাদের ৬ দফা দাবি নিয়ে আজ পরিবেশ পরিষদের বৈঠকে আলোচনা হবে।

অধ্যাপক শাহাদৎ আলী এ প্রতিনিধিদলকে আগামী দু-তিন দিনের মধ্যে তদন্ত কমিটির সুপারিশসহ প্রতিবেদন উপাচার্যের কাছে জমা দেওয়ার আশ্বাস দেন। এ সময় প্রতিনিধিরা যৌন হয়রানিবিরোধী নীতিমালা ও সেল গঠনের বিষয়টিকে গুরুত্ব দিয়ে দ্রুত কাজ চালাতে উপাচার্যকে অনুরোধ করে।

উল্লেখ্য, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ছাত্রী লাঞ্ছনার অভিযোগে অভিযুক্ত শিক্ষকের ব্যাপারে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশের পূর্ব নির্ধারিত দিন ছিল গতকাল।

অবস্থান ধর্মঘট চলাকালে বক্তব্য রাখেন এহসানি খানম, ফারজানা রুপা, মুকুল শাপলা ও ইমরান। বক্তারা অবিলম্বে উত্থাপিত ৬ দফা দাবি বাস্তবায়নের দাবি জানান। এ ছাড়া সমাবেশ থেকে আগামী শনিবার বিক্ষোভ সমাবেশের ঘোষণা দেওয়া হয়েছে।